

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৭

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ পবিত্র জিনিস ভক্ষণ করা ও পবিত্র জিনিস বের করার ক্ষেত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক মু'মিন ব্যক্তিকে মৌমাছির সাথে দৃষ্টান্ত পেশ করা

ذِكْرُ تَمْثِيلِ الْمُصِطْفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُؤْمِنَ بِالنَّحْلَةِ فِي أَكْلِ الطَّيِّبِ وَوَضَعِ الطَّيِّب

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ قَحْطَبَةَ قَالَ حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ الْعَنْبَرِيُّ قَالَ حَدَّثَنَا مُؤَمَّلُ بِنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ عَنْ وَكِيعِ بْنِ عُدُسٍ عَنْ عَمِّهِ أَبِي بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ عَنْ وَكِيعِ بْنِ عُدُسٍ عَنْ عَمِّهِ أَبِي رَزِينٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "مَثَلُ الْمُؤْمِنِ مَثَلُ النَّحْلَةِ لَا تَأْكُلُ إِلَّا طَيِّبًا وَلَا تَضَعُ إِلَّا طَيِّبًا".

قَالَ أَبُو حَاتِمٍ: شُعْبَةُ وَاهِمٌ فِي قَوْلِهِ: عُدُس إِنَّمَا هُوَ حُدُسٍ كما قاله حماد بن سلمة وأولئك.

الراوي: أَبُو رَزِينٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 247 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

২৪৭. আবু রাযীন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "মু'মিন ব্যক্তির দৃষ্টান্ত হলো মৌমাছির মতো, যা কেবল পবিত্র জিনিসই ভক্ষণ করে আর কেবল পবিত্র জিনিসই প্রদান করে।"[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "ইমাম শু'বাহ রহিমাহুল্লাহ 'উদুস' নামের ক্ষেত্রে ভুল করেছেন। মূলত সেটি হবে 'হুদুস', যেমনটা হাম্মাদ বিন সালামা এবং অন্যান্য মুহাদ্দিসগণ বলেছেন।"



## ফুটনোট

[1] নাসাঈ: ৮/৩৩৫; তাবারানী, আল কাবীর: ১৯/৪৬০; মাযমা'উয যাওয়াইদ: ১০/২৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩৫৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ রাযীন আল 'উকায়লী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন